

নোটিশ (NOTICE)

বিষয়: মার্জিন রুলস ২০২৫ অনুযায়ী মার্জিন হিসাব পরিপালন ও বিশেষ ক্ষেত্রে সমন্বয় সংক্রান্ত বিজ্ঞপ্তি

মাননীয়

মার্জিন অ্যাকাউন্ট হোল্ডার,

শেলটেক ব্রোকারেজ লিমিটেড এর শুভেচ্ছা গ্রহন করুন।

শেলটেক ব্রোকারেজ লিমিটেড দীর্ঘদিন যাবৎ আপনাদের বিনিয়োগ কার্যক্রমে প্রয়োজনীয় সহায়তা ও সেবা প্রদান করে আসছে। গত ০৮ নভেম্বর ২০২৫ তারিখে গেজেট এবং ১৮ আগস্ট ২০২৬ তারিখে এমেন্ডমেন্ট (Amendment) আকারে প্রকাশিত বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (BSEC) কর্তৃক প্রণীত “Margin Rules 2025” পরিপালনার্থে এবং গ্রাহকদের লেনদেনের সুবিধা, নিরাপত্তা ও স্বচ্ছতা নিশ্চিত করার লক্ষ্যে আপনাদের প্রতি নিম্নোক্ত আবেদন যে,

❖ যদি আপনার মার্জিন হিসাবে কোন

- নন-মার্জিন সিকিউরিটিজ
- SME, ATB বা OTC প্লাটফর্ম বা বোর্ডে তালিকাভুক্ত কোন সিকিউরিটিজ
- Mutual Fund এর কোন সিকিউরিটিজ

তাহলে দ্রুততম সময়ের মধ্যে উক্ত শেয়ারসমূহ আবশ্যিকভাবে বিক্রয় করিয়া উক্ত মার্জিন সমন্বয় করুন বা মার্জিন সিকিউরিটিজে বিনিয়োগ করুন।

❖ যদি আপনার মার্জিন হিসাবটি যৌথ অ্যাকাউন্ট (Joint BO Account) হয়, সেক্ষেত্রে মার্জিন সমন্বয় করতঃ একক নামে (Single BO Account) মার্জিন হিসাব খুলুন

উপরে উল্লেখিত সংশোধন সাপেক্ষে “Margin Rules 2025” আলোকে পূর্বের মার্জিন ব্যবহারকারী প্রত্যেক হিসাবধারীকে যথাযথ পর্যালোচনা করিয়া উভয় পক্ষের সম্মতিতে ০১ (এক) বছরের জন্য নবায়নযোগ্য একটি নতুন মার্জিন চুক্তি সম্পাদন করিতে হইবে যার প্রস্তুতি চলমান আছে। কোন হিসাবধারী নতুন মার্জিন চুক্তি সম্পাদনে অসম্মতি জ্ঞাপন করিলে, হিসাবধারী স্বয়ং মার্জিন সমন্বয় করিবেন অথবা শেলটেক ব্রোকারেজ লিমিটেড মার্জিন বিধিমালা অনুসারে মার্জিন হিসাব সমন্বয় করতঃ বন্ধ করিবে।

অতএব, আপনাকে বিনীতভাবে অনুরোধ করা যাচ্ছে, আপনার বিদ্যমান মার্জিন অ্যাকাউন্টটিতে প্রয়োজনীয় সংশোধনী আনয়ন ও পরিপালন করার ব্যবস্থা গ্রহণে বাধিত করিবেন, অন্যথায় সংশ্লিষ্ট মার্জিন কোডটি অকার্যকর হিসেবে বিবেচিত হবে এবং তা নন-কমপ্লায়েন্স অবস্থায় পরিগণিত হবে, যার দায়ভার সংশ্লিষ্ট বিনিয়োগকারীর উপর বর্তাবে।

আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি যে, আইন ও বিধিবিধান অনুসরণে আপনার সক্রিয় সহযোগিতা শেলটেক ব্রোকারেজ লিমিটেডকে একটি পূর্ণাঙ্গ কমপ্লায়েন্ট ও দায়বদ্ধ প্রতিষ্ঠান হিসেবে গড়ে তুলবে।

আপনার অব্যাহত সহযোগিতার জন্য আন্তরিক ধন্যবাদ।

শেলটেক কর্তৃপক্ষ